



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

(প্রেস বিজ্ঞপ্তি)

অর্পণাচরণ স্কুলের

সম্প্রসারণ কাজের উদ্বোধন

করলেন মেয়র

চট্টগ্রাম -২১ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত অর্পণা চরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের সম্প্রসারণ কাজ আজ সোমবার সকালে উদ্বোধন করা হয়েছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ.জ.ম নাছির উদ্দীন ফলক উন্মোচনের মাধ্যমে এ সম্প্রসারণ কাজের উদ্বোধন করেন। পরে দেশ ও জাতির সমৃদ্ধি কামনা করে বিশেষ মুনাজাত করা হয়। ৪ হাজার বর্গফুট বিশিষ্ট এ ভবনের পাইলিং ফাউন্ডেশন ও নীচতলা নির্মাণের ব্যয় ধরা হয়েছে ২ কোটি ৩৪ লক্ষ টাকা। উদ্বোধনকালে মেয়র অর্পণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজ সরেজমিন প্রত্যক্ষ করেন। উর্ধ্বমুখী এই সম্প্রসারণ কাজের চসিকের ব্যয় হচ্ছে ১ কোটি ৩৬ লক্ষ টাকা। এই সময় উপস্থিত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর সলিম উল্লাহ বাচ্চু, চসিক প্রধান প্রকৌশলী লে. কর্নেল মহিউদ্দিন আহমেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, অর্পণা চরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ মিসেস জারেকা বেগম, কৃষ্ণ কুমারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ হোসাইন ও ঠিকাদারী প্রতিষ্ঠানের পক্ষে মোহাম্মদ হাবিব উল্লাহসহ প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ মেয়রের সাথে ছিলেন।

এ উপলক্ষে কলেজ কর্তৃপক্ষের পক্ষ থেকে অর্পণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে বরাদ্দ দিয়ে যাচ্ছে। আমরা চাই নগরবাসীর সন্তানেরা যাতে সুশিক্ষা পায় এজন্য আমরা নিজস্ব তহবিল থেকে ভূতুকি দিয়ে যাচ্ছি। মেয়র শিক্ষার্থীদের পড়াশোনার বিষয়ে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদের বিশেষভাবে খেয়াল রাখার পরামর্শ দেন। যাতে তারা কোন অসৎসঙ্গে জড়িয়ে না পড়ে। কারণ ছাত্রজীবনে কোন শিক্ষার্থী অসৎ সঙ্গ ও অনৈতিক কাজে জড়িয়ে পড়লে তাঁর শিক্ষা জীবন ধ্বংস হয়ে যায়। এতে শুধু পরিবার নয়, দেশও ক্ষতিগ্রস্ত হয়। তাই এই ব্যাপারে রাষ্ট্রের পাশাপাশি শিক্ষক প্রতিষ্ঠান ও পরিবারের যথেষ্ট দায়িত্ব রয়েছে। অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন স্থানীয় কাউন্সিলর মো. সলিম উল্লাহ বাচ্চু। শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ জারেকা বেগম।

মহানগর হরিজন ঐক্য পরিষদের অভিষেক মেয়র

সেবকদের আবাসনের জন্য ৪টি

বহুতল ভবন নির্মাণ করা হবে

চট্টগ্রাম -২১ জানুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেন হরিজন সম্প্রদায় যাতে নিরাপদে তাদের পরিবার নিয়ে বসবাস করতে পারে সেজন্য নগরের ৪টি সেবক কলোনীতে ৪টি বহুতল ভবন নির্মাণ করে দেয়া হবে। তিনি গতকাল রবিবার বিকেলে প্রেসক্লাবের বঙ্গবন্ধু হলে বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদের অভিষেক ও বিভাগীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ ঘোষণা দেন। হরিজন সমাজ পঞ্চায়েত কমিটির প্রধান সর্দার বাবু মায়াদীন দাশ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ মহিলা আওয়ামীলীগ চট্টগ্রাম মহানগর এর সভাপতি হাসিনা মহিউদ্দিন, বাংলাদেশ হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদ বাংলাদেশের সাধারণ সম্পাদক এডভোকেট রানা দাশ গুপ্ত। কেন্দ্রীয় হরিজন সম্প্রদায়ের সভাপতি বাবু কৃষ্ণ লাল, কাউন্সিলর জহরলাল হাজারী, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, কাউন্সিলর শৈবাল দাশ সুমন, কাউন্সিলর মাজহারুল ইসলাম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর নীলু নাগ, বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদের কেন্দ্রীয় কমিটির মহাসচিবক বাবু নির্মল চন্দ্র দাশ। অতিথি ছিলেন দক্ষিণ জেলা

হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক ৭ নং আনোয়ারা সদর ইউনিয়নের পরিষদের চেয়ারম্যান অসীম কুমার দেব, বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ নেতা শ্যাম বাবু দাশ, নগর বাংলাদেশ হরিজন ঐক্য পরিষদ সভাপতি বাবু বিষ্ণু দাশ। প্রথান অতিথির বক্তব্যে মেয়র বলেন, বর্তমান সরকার জাতি ধর্ম বর্ন নির্বিশেষে পিছিয়ে পড়া জনগোষ্ঠির জন্য কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতা অনুসরণ করে আমরাও কর্পোরেশনের পক্ষ থেকে হরিজন সম্প্রদায়ের সকল আচার-অনুষ্ঠানে সহযোগিতা করে যাচ্ছি কারণ এই সম্প্রদায়ের লোকজন নগরকে পরিচ্ছন্ন ও সুন্দর রাখতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তাদের পরিশ্রমের কারণে নগরবাসী তাদের প্রত্যাশিত নগরকে পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে পাচ্ছেন। নগরীকে পরিবেশ বান্ধব রাখতে তাদের অবদানকে কোনভাবে খাটো করে দেখার উপায় নেই। মেয়র কর্পোরেশনের পক্ষ থেকে এই হরিজন সম্প্রদায়কে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মোবাইল কোর্ট অভিযান

চট্টগ্রাম -২১ জানুয়ারি-২০১৯ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগেএক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট যুগ্ম জেলা জজ জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ সোমবার চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর চান্দগাও থানাধিন কালুরঘাট ভারী শিল্প এলাকায় এফ আইডিসি রোডে সিএন্ডবি রাস্তার মোড় থেকে ইউনিলিভার ফ্যাক্টরী পর্যন্ত রাস্তার উভয়পাশে ফুটপাথ ও নালা অবৈধভাবে দখল করে গড়ে উঠা প্রায় শতাধিক ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। এসময় ১৫টি জাল টিন প্লেইট জন্ড, ১৫ টি প্লেইট বিহিন রিকশা এবং ১০ টি ব্যাটারি চালিত রিকশা সহ মোট ৪০ টি অবৈধ রিকশার টায়ার টিউব কেটে দেয়া হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন